গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের লক্ষ্যে ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।

সভার তারিখ ও সময় : ০২ আগস্ট ২০২৩ খ্রি:, সকাল ১০.৩০ ঘটিকা।

সভার স্থান : ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১।

উপস্থিত কর্মচারীদের তালিকা : **পরিশিষ্ট-“ক”**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণসহ ১৫ আগস্টের সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি অবহিত করেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের প্রণীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে ঢাকা মশক নিবারণী দপ্তরের জনাব মোঃ জামাল উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২. আলোচনায় এ দপ্তরের জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া, হিসাবরক্ষক, জনাব মোঃ গিয়াস উদ্দিন, ষ্টোরকিপার এবং বিভিন্ন অঞ্চলে কর্মরত সুপারভাইজারগণ অংশগ্রহণ করেন।

০৩. বিস্তারিত আলোচনা শেষে ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে জাতীয় শোক দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্য পরিবেশে ঢাকা মশক নিবারণী দপ্তর কর্তৃক পালনের উদ্দেশ্য নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| ০১. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে অর্ধনমিতভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০২. | (ক) ০৩ আগস্ট ২০২৩ তারিখ ঢাকা মশক নিবারণী দপ্তরের আশে-পাশে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হবে।<br>(খ) ১৫ আগস্ট লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার দপ্তরের দেয়ালে স্থাপন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৩. | সুবিধাজনক সময়ে ঢাকা মশক নিবারণী দপ্তরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ৪. | ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ আগস্ট মাসব্যাপী কালো ব্যাচ ধারণ করবেন। | ঢাকা মশক নিবারণী দপ্তর এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| ০৫. | (ক) ১৫ আগস্ট ২০২৩ সকাল ৮.৩০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাথে ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর এর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |

| ক্রঃ নং | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (খ) ১৭ আগস্ট ২০২৩ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সম্মেলন কক্ষে স্থানীয় সরকার বিভাগ কেন্দ্রনীয়ভাবে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তি আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে এ দপ্তরের উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা অংশগ্রহণ করবেন। | ঢাকা মশক নিবারণী দপ্তর |

০৪. পরিশেষে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের প্রতি আহবান জানান।

৫. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৮/২০২৩

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭
E-mail: dmco@lgd.gov.bd

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.২৩.০০১.১৫-৩০৬/১(৩০) তারিখঃ ১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল (সকল), ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল (সকল), ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৮। সুপারভাইজার (সকল), অঞ্চল-------, ঢাকা দক্ষিণ /ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১১। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।

০২/০৮/২০২৩

মোঃ জামাল উদ্দিন
প্রশাসনিক কর্মকর্তা(অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
মুঠো ফোন: ০১৭১০০-৩২৮৪৪